প্রতিপক্ষ আর কিছু না পারুক ষড়যন্ত্রে ওস্তাদ: ওবায়দুল কাদের

আগামী সিটি করপোরেশন নির্বাচনে নেতাকর্মীদের আটঘাঁট বেঁধে মাঠে নামার নির্দেশ দিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের। সতর্ক করে বলেছেন, ‘এবারের সিটি করপোরেশন নির্বাচন চ্যালেঞ্জিং হবে।’

আজ শুক্রবার রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, প্রতিপক্ষকে দুর্বল মনে করবেন না। প্রতিপক্ষ আর কিছু না পারুক ষড়যন্ত্রে ওস্তাদ, বিএনপি ষড়যন্ত্রে ওস্তাদ। আপনারা থানায়-থানায়, ওয়ার্ডে-ওয়ার্ডে কর্মীসভা করুন। সরকারের বিরুদ্ধে অপ্রচারের জবাব দিতে হবে।

আরো পড়ুন: ‘এই ওষুধ খেলে শক্তি বাড়বে’ বলে মেয়ের মুখে বিষ তুলে দিলেন মা’

তিনি আরো বলেন, ক্ষমতা চিরস্থায়ী নয়। আওয়ামী লীগ অনেক বড় দল। এখানে বিতর্কিত লোক এনে দল ভারী করার দরকার নেই। এদের দিয়ে দল ভারী করেন অন্ধকার এলে বাতি জ্বালিয়ে পাবেন না। আওয়ামী লীগে যোগ্যতা দিয়ে নেতা হতে হবে। যার ভোগের লিপসা আছে তার দরকার নেই।